

প্রথমআন্দোল

উচ্চশিক্ষা

কিউএস বিশ্ববিদ্যালয় র‍্যাঙ্কিং, ২৮ ধাপ এগিয়ে দেশসেরা ঢাকা বিশ্ববিদ্যালয়

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ০১ ডিসেম্বর ২০২৪, ১৩: ৪৪

ঢাকা বিশ্ববিদ্যালয় *ফাইল ছবি*

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) বিশ্বব্যাপী বিশ্ববিদ্যালয়গুলোর নানা ধরনের র‍্যাঙ্কিং করেছে। বিশ্ববিদ্যালয়গুলোর র‍্যাঙ্কিং মূল্যায়নকারী প্রতিষ্ঠান কিউএস সম্প্রতি তাদের ওয়েবসাইটে মহাদেশভিত্তিক র‍্যাঙ্কিং প্রকাশ করেছে। কিউএস এশিয়া ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শীর্ষস্থানে আছে ঢাকা বিশ্ববিদ্যালয়। এশিয়ার বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ঢাকা

বিশ্ববিদ্যালয়ের অবস্থান ১১২তম। গত বছর এ অবস্থান ছিল ১৪০তম। সে হিসেবে এবারের র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ২৮ ধাপ এগিয়েছে।

সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের এক প্রেস বিজ্ঞপ্তি এ কথা বলা হয়েছে। বিজ্ঞপ্তি আরও বলা হয়, এ বছর কিউএস সাসটেইনেবিলিটি বিশ্ব র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ৬৩৪তম স্থান অর্জন করেছে। সম্প্রতি এই র‍্যাঙ্কিং প্রকাশ করা হয়েছে।



The University of Dhaka
on Wednesday



কিউএস এশিয়া র‍্যাঙ্কিং-এ দেশ সেরা ঢাবি

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সাইমন্ডসের (কিউএস) এশিয়া ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং-এ বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে শীর্ষ স্থান অধিকার করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। এশিয়ার বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ১১২ তম। গতবছর এই অবস্থান ছিল ১৪০ তম। সে হিসেবে এবারের র‍্যাঙ্কিং-এ ঢাকা বিশ্ববিদ্যালয় ২৮ ধাপ এগিয়েছে।

গত ৬ নভেম্বর এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করেছে কিউএস। প্রতি বছরের নভেম্বর... [See more](#)

254
33
51

গত ৬ নভেম্বর এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করেছে কিউএস। প্রতিবছরের নভেম্বরের শুরুতে তালিকাটি প্রকাশ করা হয়। এশিয়ার সেরা ৯৮৪টি বিশ্ববিদ্যালয়ের তালিকায় শীর্ষস্থানে রয়েছে চীনের পিকিং ইউনিভার্সিটি (বেইজিং)। দ্য ইউনিভার্সিটি অব হংকং তালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছে। র‍্যাঙ্কিংটি প্রধানত ১১টি সূচকের ওপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। এর মধ্যে একাডেমিক কার্যক্রম, পিএইচডিধারীর সংখ্যা ও আন্তর্জাতিক শিক্ষার্থীদের সংখ্যা বিবেচনা করা হয়েছে।

কিউএস প্রতিবছর কয়েকটি মানদণ্ডের ভিত্তিতে পৃথিবীর বিশ্ববিদ্যালয়গুলোর বার্ষিক একটি র‍্যাঙ্কিং প্রকাশ করে। বিশ্ববিদ্যালয়গুলোর গবেষণা, উদ্ভাবন, চাকরিতে স্নাতকদের কর্মক্ষমতা, প্রাতিষ্ঠানিক সাফল্য, শিক্ষক ও শিক্ষার্থীদের সাফল্য, আন্তর্জাতিক গবেষণা নেটওয়ার্ক, গবেষণা প্রবন্ধের সাইটেশন, পিএইচডি ডিগ্রিধারী শিক্ষক-কর্মকর্তাদের সংখ্যা, আন্তর্জাতিক শিক্ষক ও শিক্ষার্থীদের অনুপাত, আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষার্থী বিনিময়ের হার বিবেচনা করে এ তালিকা তৈরি করা হয়।

২০০৪ থেকে ২০০৯ সাল পর্যন্ত যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা সাময়িকী টাইমস হায়ার এডুকেশনের সঙ্গে যৌথভাবে সেরা বিশ্ববিদ্যালয়ের র‍্যাঙ্কিং প্রকাশ করলেও ২০১০ সালে আলাদা হয়ে যায় কিউএস। এর পর থেকে আলাদাভাবে র‍্যাঙ্কিং প্রকাশ করে আসছে তারা। কিউএসের প্রকাশিত সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকাকে বিশ্বব্যাপী সবচেয়ে গ্রহণযোগ্য র‍্যাঙ্কিংগুলোর একটি তালিকা মনে করেন অনেকে।

